সংবাদ

তারিখ 23 JUN 2017 পৃষ্ঠা ৪ কলাম ২

## জাতীয় শিক্ষক শিক্ষা কাউন্সিলের সভা

# ৮ প্রতিষ্ঠানের মতামত নিয়ে খসড়া পরিমার্জন

নিজস্ব বার্তা পরিবেশক

জাতীয় শিক্ষক শিক্ষা কাউন্সিল (এনটিইসি)-এর ১৪তম সভা গতকাল শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ সভায় সভাপতিত্ব করেন। সভায় জানানো হয়, শিক্ষক শিক্ষা কাউন্সিল আইন, ২০১৭ (পরিমার্জিত খসড়া)-এর ওপর মতামত প্রদানের জন্য শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ৮টি প্রতিষ্ঠানকে অনুরোধ করা হয়। এসব মন্ত্রণালয় ও দফতরের মতামতের অলোকে খসড়া পরিমার্জন করা হয়েছে বলে সভায় জানানো হয়।

এছাড়াও ১৩তম সভার গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। সভায় এনটিইসি পুনর্গঠন নিয়ে আলোচনা অনুষ্ঠিত হয়।

সভায় শিক্ষামন্ত্রী বলেন, 'এনটিইসি গঠনের আসল উদ্দেশ্য ছিল ভালো শিক্ষক তৈরি করা এবং যারা ভবিষ্যতে শিক্ষকতাকে পেশা হিসেবে নেবেন তাদের যথাযথভাবে প্রস্তুত ও মটিভেট করা। দেশের শিক্ষক শিক্ষা ও প্রশিক্ষণ ক্ষেত্রে প্রয়োজনীয় সমন্বয় সাধন এবং কার্যকর মান ব্যবস্থা প্রবর্তন নিশ্চিত করার এজন্য এ কাউন্সিল গঠন করা হয়।'

তিনি আগামী ১৫ জুলাইয়ের মধ্যে খসড়ার ওপর মতামত প্রদানের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ও কর্মকর্তাদের নির্দেশ দেন।

পেশা হিসেবে শিক্ষক তৈরি করার বিষয়টি যাতে আইনে থাকে এ বিষয়ে জোর দেন শিক্ষামন্ত্রী।

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নান, জাতীয় বিশ্বদ্যিালয়ের উপাচার্য প্রফেসর ড. হারুন-উর-রশিদ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব সোহরাব হোসাইন, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরের মহাপরিচালক প্রফেসর ড. এসএম ওয়াহিদুজ্জামানসহ শিক্ষা মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তারা এবং কাউন্সিলের সদস্যগণ সভায় উপস্থিত ছিলেন।